



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ডাকবাংলা নং-৩২৫
ঢাকা, বাংলাদেশ।

যৌতুক দেয়া-নেয়া শাস্তিযোগ্য অপরাধ

ডিপার্টমেন্ট অফ অফসাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২২

তারিখ : ০৭-০৯-১৪১৩ বাং
২১-১২-২০০৬ ইং

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

বিষয় : পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত নন-গেজেটেড কর্মচারীগণের ও সামরিক বাহিনীর নন-কমিশন্ড অফিসার/কর্মচারীগণের ডিসেম্বর/২০০৬ মাসের বেতন-ভাতাদি এবং দেশের সকল অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীর ডিসেম্বর/২০০৬ মাসের পেনশনের অর্থ আগামী ২৬ ডিসেম্বর/২০০৬ তারিখে প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ, প্রশাসন শাখা-৭ এর ১৪-১২-২০০৬ তারিখের অম/অবি/প্রঃ-৭/টিআর-৩/৮৮-০৬/৩৭৪/২ নম্বর পত্রটি সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে পুনর্মুদ্রিত হলো।

আপনার বিশ্বস্ত,

(মোঃ হেদায়েত উল্লাহ)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৫৯

(কপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রশাসন শাখা-৭

নং-অম/অবি/প্রঃ-৭/টিআর-৩/৮৮-০৬/৩৭৪/২

তারিখ : ১৪/১২/২০০৬ ইং

প্রেরক : রাখাল চন্দ্র দাস
সহকারী সচিব

প্রাপক : (১) হিসাব মহা-নিয়ন্ত্রক,
বাংলাদেশ, সেগুন বাগিচা, ঢাকা।

(২) কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স ফাইন্যান্স,
১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৪র্থ তলা),
সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত নন-গেজেটেড কর্মচারীগণের ও সামরিক বাহিনীর নন-কমিশন্ড অফিসার/কর্মচারীগণের ডিসেম্বর/২০০৬ মাসের বেতন-ভাতাদি এবং দেশের সকল অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীর ডিসেম্বর/২০০৬ মাসের পেনশনের অর্থ ২৬ ডিসেম্বর/২০০৬ তারিখে প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হইয়া জানাইতেছি যে, সরকারী বর্ষপুঞ্জি-২০০৭ অনুযায়ী আগামী বৎসর জানুয়ারী মাসের ১তারিখে(চাঁদ দেখা সাপেক্ষে) পবিত্র ঈদ-উল আযহা উদযাপিত হইবে বিধায় সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে, সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সকল নন-গেজেটেড কর্মচারীদের ও সামরিক বাহিনীর নন-কমিশন্ড কর্মকর্তা/কর্মচারীদের ডিসেম্বর/২০০৬ মাসের বেতন-ভাতাদি এবং সকল অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীদের ডিসেম্বর/২০০৬ মাসের পেনশনের অর্থ আগামী ২৬ ডিসেম্বর/২০০৬ তারিখে প্রদান করা হইবে।

০২। বাংলাদেশ ট্রেজারী রুলস প্রথম খন্ডের এসআর ১১৩(২) অনুযায়ী প্রদত্ত ক্ষমতাবলে এই আদেশ জারী করা হইল।

স্বাক্ষরিত/= ১৪/১২/০৬

(রাখাল চন্দ্র দাস)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৬১৬১৭